

- ৫। ‘ন হন্যতে’ উপন্যাসে বারবার ব্যবহৃত হয়েছে রবীন্দ্রনাথের প্রসঙ্গ। প্রসঙ্গগুলি আলোচনা করে বুঝিয়ে দাও কীভাবে তারা উপন্যাসটিকে বিশিষ্ট করে তুলেছে। ১০

অথবা

- ৬। বিচ্ছেদ কেমন ভাবে নীল ও মার্গারিটার প্রেমকে অশাস্ত বর্ণনার উপমার আড়াল থেকে মুক্ত করে শাস্ত, স্থির ও গভীর উপলব্ধিতে স্থিত করল — ‘সুদূর বর্ণার জলে’ উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১০
- ৭। উনিশ শতকের শেষভাগে কলকাতার শিক্ষিত হিন্দু মধ্যশ্রেণির ভিতর রামকৃষ্ণের বিপুল প্রভাবের কারণগুলি কি ‘কথামৃত’ থেকে খুঁজে নেওয়া সম্ভব? তোমার মত বুঝিয়ে লেখো। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার)

বাংলা

কোর্স : পি.জি.-২.৫৬বি

বাংলা জনপ্রিয় আখ্যান

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নীচের যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। মার্কসের ফেটিশ-তত্ত্ব কীভাবে জনপ্রিয় আখ্যান সমালোচনায় কাজে লাগতে পারে তা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

- ২। আধুনিক ব্যবস্থায় জনতার নিজস্ব বিচার ও পছন্দের নিরিখে ‘জনপ্রিয়তা’ স্থির হয় না, জনপ্রিয়তা প্রায় সর্বদাই ‘নির্মিত’ হয়। জনপ্রিয়তা তাই বর্তমান ব্যবস্থায় একটি বানিয়ে-তোলা ব্যাপার। তোমার কাছে এ কথার কোনো মূল্য আছে কিনা বিস্তারিত ভাবে জানাও। ১০
- ৩। ‘চৌরঙ্গী’-র কথক চরিত্র নির্মাণে কিছু বিশেষত্ব আছে এবং এটিই এ উপন্যাসের প্রবাদপ্রতিম জনপ্রিয়তার অন্যতম কারণ—মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা

- ৪। ‘রাত ভ’রে বৃষ্টি’ উপন্যাসে বিবাহিতা, এক সন্তানের জননী মালতীর জীবনে জয়ন্ত পর্বটি কি নিছকই একটি পরকীয়া সম্পর্কের আখ্যান নাকি তুমি অন্য কোনোভাবে বিষয়টিকে পড়তে চাও? যুক্তিসহ আলোচনা করো। ১০

[Turn over